অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
বিজ্ঞপ্তি নং-১৮৬

তারিখঃ ১২/১২/২০২৩ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সের ভর্তির বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ। |
| ভর্তির তারিখ | ১৩/১২/২০২৩ তারিখ থেকে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত। |
| ভর্তি ফি | ক) এম.এ/এম.এস.এস/এম.বি.এ- ৩৮৬০/-<br>খ) এম.এসসি- ৩৯৮০/- |
| অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ ১৯/১২/২০২৩ তারিখের পর অনলাইন হতে জাতীয় বিশ্ববিদ্যালয়-এর ওয়েবসাইট হতে ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com/main) লিংকে গিয়ে User ID- cgcstudent এবং Password- cgcstudent দিয়ে admission বাটনে ক্লিক করে Click New Admission অপশনে গিয়ে গ্রুপ (মাস্টার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল দিয়ে Check For Admission এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক Submit করে প্রিন্ট নিতে হবে। Submit করার পর বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে Education Fee/ Pay Bill অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। Student ID- এর স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। |
| ভর্তির ফরম জমা দেওয়ার নিয়মাবলী: | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর ফি জমাদানের রশিদ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও eshiksabd হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি,অনার্স/মাস্টার্স-১ম পর্ব কোর্সের মূল নম্বরপত্রের ফটোকপি এবং অনার্স/মাস্টার্স-১ম পর্ব পাশের প্রশংসাপত্রের ফটোকপিসহ আগামী ১৩/১২/২০২৩ তারিখ হতে ১৯/১২/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়নি বলে গণ্য করা হবে। উল্লেখ্য যে, বিভাগে ভর্তি ফরম জমা দেওয়ার সময় সেমিনার ও শিক্ষা সফর ফি বাবদ- এককালীন (ক) এম.এ/এম.এস.এস/এম.বি.এ শেষ পর্ব - (৪০০+১০০) = ৫০০/- টাকা (খ) এম.এসসি শেষ পর্ব- (৫৫০+১০০) = ৬৫০/- টাকা বিভাগে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

নিয়মাবলি :

১। দ্বৈত ভর্তি সম্পর্কে জরুরী নির্দেশনা: মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত/প্রাইভেট অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যায়নরত অবস্থায় ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৮/১২/২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। ২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সের ক্লাস ০১/০১/২০২৪ তারিখ রোজ সোমবার থেকে শুরু হবে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২।১২।২০২৩
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর। ১২।১২।২০২৩

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইটঃ http://chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।